

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৩৭৪৮

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (كتاب الإمارة والقضاء)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - বিচারকদের (সহকর্মীদের) বেতন ও হাদিয়া গ্রহণ করা

আরবী

عَنْ بُرَيْدَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ اسْتَعْمَلَنَا عَلَى عَمَلٍ فَرَزَقْنَاهُ رِزْقًا فَمَا أَخَذَ بَعْدَ ذَلِكَ فَهُوَ غُلُولٌ». رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৩৭৪৮-[৪] বুয়ায়দাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোনো লোককে যদি আমরা কোনো কাজে নিযুক্ত করি এবং তাকে সে কাজের বিনিময়ে পারিশ্রমিক দেই। অতঃপর যদি সে অতিরিক্ত কিছু গ্রহণ করে, তবে তা হলো খিয়ানাত। (আবু দাউদ)[১]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ২৯৪৩, সহীহ আল জামি' ৬০২৩, সহীহ আত্ তারগীব ৭৭৯, সহীহ ইবনু খুয়ায়মাহ্ ২৩৬৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটিতে বিশ্বনবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যাকে আমার কোনো দায়িত্ব দিলাম আর এজন্য তাকে পারিশ্রমিকও দিলাম। সুতরাং এর অতিরিক্ত কিছু যদি সে রাষ্ট্রীয় কোষাগার থেকে গ্রহণ করে তাহলে এটাই **غُلُولٌ** (গুলূল) বা হারাম। এর জন্য রয়েছে কঠিন শাস্তি।

হাদীসটির বর্ণনাকারী সাহাবী বুয়ায়দাহ্ বিন হুসায়ব আল আসলামী (রাঃ) বদর যুদ্ধে অংশে নেননি, বায়যাতুর্ রিয়ওয়ানে অংশ নিয়েছেন। প্রথমে মদীনায়ে বসবাস করলেও পরে বাসরায় আসেন, পরবর্তীতে সেখান থেকে খুরাসানে আসেন। অতঃপর ইয়াযীদ বিন মু'আবিয়াহ্-এর শাসনামলে ৬২ হিজরী সালে “মার্ও” শহরে মৃত্যুবরণ করেন। তার থেকে একদল সাহাবী, তাবি'ঐ হাদীস বর্ণনা করেন। হাদীসটিতে উল্লেখিত **غُلُولٌ** শব্দের অর্থ হলো খিয়ানাত করা বিশ্বাসঘাতকতা করা। এক্ষেত্রে খিয়ানাত দ্বারা উদ্দেশ্য হলো গনীমাত বা ফা'ই এর মাল থেকে অন্যায়াভাবে গ্রহণ করা। (আওনুল মা'বুদ ৫ম খন্ড, হাঃ ২৯৪১; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ বুয়ায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69075>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন